

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. নবী (صَلَّى اللّٰهُ عَلٰيْهِ وَسَلَّمَ) এর অযুর বিবরণ

بَابِ صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلٰيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا أَبُو الْمُغَيْرَةِ، حَدَّثَنَا حَرِيزٌ، حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ
بْنُ مَيْسَرَةَ الْحَاضِرِمِيِّ، سَمِعْتُ الْمِقْدَامَ بْنَ مَعْدِيكَرِبَ الْكَنْدِيَّ، قَالَ أُتِيَ رَسُولُ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَضُوءٍ فَتَوَضَّأَ، فَغَسَّلَ كَفَّيْهِ ثَلَاثًا ثُمَّ تَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلَاثًا
وَغَسَّلَ وَجْهَهُ ثَلَاثًا ثُمَّ، غَسَّلَ ذِرَاعَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ وَأَذْنَيْهِ ظَاهِرِهِمَا
وَبَاطِنِهِمَا

- صحيح

বাংলা

১২১। মিকদাম ইবনু মাদীকারিব আল-কিন্দী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম-এর নিকট অযুর পানি আনা হলে তিনি অযু করলেন। তিনি তিনবার উভয় হাত কজি পর্যন্ত ধুলেন।
এরপর তিনবার করে কুলি করলেন ও নাকে পানি দিলেন। তিনবার মুখমণ্ডল ধুলেন। তারপর তিনবার করে উভয়
হাত কনুই পর্যন্ত ধুলেন। অতঃপর মাথা এবং উভয় কানের বাহির ও ভিতরভাগ মাসাহ করলেন।[1]

সহীহ।

English

Narrated Al-Miqdam ibn Ma'dikarib al-Kindi:

The ablution water was brought to the Messenger (صَلَّى اللّٰهُ عَلٰيْهِ وَسَلَّمَ) and he performed ablution; he washed his hands up to wrists three times, then washed his

forearms three times. He then rinsed his mouth and snuffed up water three times; then he wiped his head and ears inside and outside.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা ও তার পন্থাসমূহ, অনুঃ উভয় কান মাসাহ্ করা, হাঃ ৪৪২, হারীয় ইবনু 'উসমান সূত্রে... সংক্ষেপে শেষের অংশটুকু তিনি উযু করলেন, অতঃপর মাথা মাসাহ্ করলেন... হাদীস, এবং অনুঃ দু' পা ধোয়া, হাঃ ৪৫৭, সংক্ষেপে এভাবেঃ উযুর সময় উভয় পা তিনবার করে ধোত করলেন)। 'আয যাওয়ায়িদ' গ্রন্থে রয়েছেঃ এর সানাদ হাসান। এছাড়া আহমাদ (৪/১৩২) আবু দাউদের শব্দে ও সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ মিকদাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57439>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন